# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং ঃ সিশিবো/পনি/মাধ্য/এসএসসি/২০২০/২৮১ তারিখ: ২৯ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় ঃ ২০২০ সালে অনুষ্ঠিতব্য এস এস সি পরীক্ষার পরীক্ষা সংক্রান্ত মালামাল ও আনুষঙ্গিক কাগজপত্রাদি গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২০২০ সালের এস এস সি পরীক্ষার মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, নৈর্ব্যক্তিক OMR সহ আনুষঙ্গিক কাগজপত্রাদি নিম্নে উল্লেখিত তারিখে বিতরণ করা হবে। **সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রাধিকার পত্রসহ সভায় উপস্থিত হয়ে কাগজপত্র গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা গেল।**

রীতিমাফিক পাবলিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে জরুরী ও গুরুত্বপূর্ণ বিষয়ে মত বিনিময় সভায় কেন্দ্রের সম্মানিত কেন্দ্র সচিববৃন্দকে নিম্নবর্ণিত তারিখ বেলা ১১.০০ টায় শিক্ষা বোর্ড মিলনায়তনে উপস্থিত থাকতে অনুরোধ করা গেল। উল্লেখ্য, যাতায়াতের জন্য শিক্ষা বোর্ড থেকে কোন টি এ/ডি এ প্রদান করা হবে না। উক্ত সভা অতীব গুরুত্বপূর্ণ বিধায় কোন প্রতিনিধির উপস্থিতি কাম্য নয়।

**বিতরণ সূচি ঃ**

| | |
|---|---|
| সুনামগঞ্জ জেলা | : ২০/০১/২০২০ (সোমবার) |
| মৌলভীবাজার জেলা | : ২১/০১/২০২০ (মঙ্গলবার) |
| হবিগঞ্জ জেলা | : ২২/০১/২০২০ (বুধবার) |
| সিলেট জেলা | : ২৩/০১/২০২০ (বৃহস্পতিবার)<br>সিলেট সদর, দক্ষিণ সুরমা, গোলাপগঞ্জ ও বিশ্বনাথ উপজেলার কেন্দ্রসমূহ। |
| সিলেট জেলা | : ২৬/০১/২০২০ (রবিবার)<br>সিলেট জেলার অন্যান্য উপজেলার কেন্দ্রসমূহ। |

**উল্লেখ্য, ২০২০ সালের এস এস সি পরীক্ষায় পরীক্ষার্থীদের প্রবেশপত্র সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবের ই-মেইলে প্রেরণ করা হয়েছে। কেন্দ্র থেকে প্রবেশপত্র কালার প্রিন্টারে প্রিন্ট করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে বিতরণের জন্য অনুরোধ করা হলো।**

**পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ফরম সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে নিম্নোক্তরূপে ডাউনলোড করতে হবে:**

'Download Center' ⟶ 'Forms' ⟶ 'Exam (JSC, SSC, HSC) Related Documents' - এ ক্লীক করলে নিচে পরীক্ষা সংক্রান্ত সকল ফরমের নামের তালিকা আসবে। তা থেকে প্রয়োজনীয় সকল ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।

**আরও উল্লেখ্য, প্রবেশপত্র প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে অনভিপ্রেত ভুলত্রুটি সংশোধন করে নিতে হবে। পরীক্ষা শুরুর পর প্রবেশপত্রে কোন ধরণের সংশোধন করা হবে না।**

**প্রাপক ঃ কেন্দ্র সচিব**
**এস এস সি পরীক্ষা ২০২০**
**(সিলেট বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র)**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৩/০১/২০২০

(মোঃ কবির আহমদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন: ০৮২১-৮৪০০৮৫

<u>সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সচিব, সিলেট শিক্ষা বোর্ড।
২. জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা, (সিলেট বিভাগের সকল উপজেলা)।
৪. সিস্টেম এনালিস্ট, সিলেট শিক্ষা বোর্ড।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিলেট শিক্ষা বোর্ড।
৬. সেকশন অফিসার (স্টোর), সিলেট শিক্ষা বোর্ড।
৭. সংরক্ষণ নথি।